মহাপরিচালক এর দপ্তর
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা
ফোনঃ ৯৫৬৪৬৬৫, ৯৫৫২১৯৪
ফ্যাক্সঃ ৮৮০-২-৯৫৬৪৭৬৩
ওয়েবসাইট: www.bwdb.gov.bd

Office of the Director General
Bangladesh Water Development Board
WAPDA Building, Motijheel C/A, Dhaka.
Phone : 9564665, 9552194
Fax : 880-2-9564763
E-mail : dg@bwdb.gov.bd
dg.bwdb.bd@gmail.com

**বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অধীনে ডিপিএম পদ্ধতিতে বাংলাদেশ নৌবাহিনী কল্যাণ ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন "চট্টগ্রাম জেলার মিরেশ্বরাই উপজেলায় বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল (বেজা) বন্যা নিয়ন্ত্রণ সড়ক কাম বেড়ী বাঁধ প্রতিরক্ষা ও নিষ্কাশন" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণীঃ**

| | |
|---|---|
| সভাপতি | ঃ **মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।** |
| সভার তারিখ | ঃ ১২/০২/২০১৮ খ্রিঃ। |
| সময় | ঃ সকাল ০৯:৩০ ঘটিকা। |
| স্থান | ঃ মহাপরিচালক, বাপাউবো'র সভাকক্ষ, ওয়াপদা ভবন (৩য় তলা)। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা **পরিশিষ্ট- 'ক'** তে সন্নিবেশিত হলো।

২। **আলোচনা ঃ**

২.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্টগ্রাম প্রকল্পের বর্তমান অবস্থা সভায় উপস্থাপন করেন।

২.২। **প্রকল্পটির আওতায় বাস্তবায়িতব্য ভৌত অঙ্গসমূহঃ**

| | |
|---|---|
| ল্যাবরেটরী নির্মাণ- ১টি | |
| মোটরেবল পেভমেন্ট- | ১৮.৪৮৮ কিঃমিঃ |
| স্লুইস নির্মাণ- | ৯টি |
| খাল পুনঃখনন- | ৩০.০০ কিঃমিঃ |
| উপকূলীয় বাঁধ নিমআণ- | ১৭.৮৭২ কিঃমিঃ |
| বাঁধের ঢাল সংরক্ষণ- | ১৭.৮৭২ কিঃমিঃ |
| ৯টি স্লুইসে ক্লোজার নির্মাণ- ০.৬১৬ কিঃমিঃ | |

কাজটি বাস্তবায়নের জন্য ২১/০৬/২০১৭খ্রিঃ তারিখে বাংলাদেশ নৌবাহিনী কল্যাণ ফাউন্ডেশনের সাথে চুক্তি সম্পাদিত হয়। সম্পাদিত চুক্তিমূল্য ১১২৬৮৫.০০ লক্ষ টাকা। কার্যাদেশ অনুযায়ী কাজ আরম্ভের তারিখ ২২/০৬/২০১৭ এবং সমাপ্তির তারিখ ৩০/০৪/২০১৯। এযাবত ১১২৮৪.৯২ লক্ষ টাকা অগ্রীম হিসেবে প্রদান করা হয়েছে। জানুয়ারী, ২০১৮ পর্যন্ত প্রকল্পটির বাস্তব অগ্রগতি মাত্র ৩.০০%।

২.৩। সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী জানান যে, চুক্তি স্বাক্ষরের পর ৭ (সাত) মাসের বেশি সময় অতিবাহিত হয়ে গেলেও প্রকল্পের ভৌত কাজের বাস্তবায়ন করা যায়নি। বাস্তবায়নের জন্য বাংলাদেশ নৌবাহিনী কল্যাণ ফাউন্ডেশনের অধীনস্থ হয়ে চায়না হারবার ইঞ্জিনিয়ারিং কোম্পানী লিঃ মাঠ পর্যায়ে প্রকল্পের কাজ বাস্তবায়ন করছে। বাস্তবায়নকারী প্রতিষ্ঠান প্রকল্পটি বাস্তবায়নের জন্য চীন হতে তাদের অত্যাধুনিক নির্মাণ যন্ত্রাংশসমূহ বাংলাদেশে এনে কাজের বাস্তবায়ন করবে। প্রকল্প দুর্গম এলাকায় হওয়ায় যোগাযোগ ব্যবস্থা ততটা ভাল নয় এবং ডিসেম্বর মাসের পূর্বে সেখানে নির্মাণ যন্ত্রাংশ, নির্মাণ সামগ্রী এবং জনবল মোবিলাইজেশন করা দুরূহ বিধায় সাইট মোবিলাইজেশন কাজ আরম্ভে বিলম্ব হয়েছে বলে সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী উল্লেখ করেন। আবার চীন হতে আমদানীকৃত নির্মাণ যন্ত্রাংশসমূহ বন্দর হতে শুল্ক নিস্পত্তি করে খালাসকালে অতিরিক্ত সময় লেগেছে বলেও তিনি জানান। তিনি অরো জানান যে, বর্তমানে প্রস্তুতিমূলক কাজ অনেক দূর এগিয়েছে। সিসি ব্লক নির্মাণের জন্য ২টি ইয়ার্ড প্রস্তুত করা হয়েছে, ১টি ইয়ার্ড প্রস্তুত প্রক্রিয়াধীন এবং অটোমেটেড কাস্টিং মেশিন স্থাপন করা হয়েছে। খাল পুনঃখননের জন্য ২টি ড্রেজার আনা হয়েছে। বেজা নির্ধারিত অ্যালাইনমেন্ট অনুযায়ী Subsoil investigation করা হয়েছে। sand piling এর সংস্থান রেখে বাঁধের নকশা সংশোধন করা হয়েছে। ইতিমধ্যে বেজা কর্তৃপক্ষ ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের সাথে অনুষ্ঠিত এক সভায় বাপাউবো'র পক্ষ হতে চলতি অর্থ বছরের ৮-৯ কিঃমিঃ বাঁধ নির্মাণ সম্পূর্ণরূপে সমাপ্ত করার প্রতিশ্রুতি প্রদান করা হয়েছে

বলেও তিনি জানান। তবে এখনো কাজ আরম্ভ না হওয়ায় উক্ত প্রতিশ্রুতি পূরণে সংশয় রয়েছে বলে তিনি জানান এবং বেজা ও প্রধানমন্ত্রীর কার্যালয়কে উক্ত সংশয়ের কথা পত্র মারফত জানানোর জন্য সভাপতিকে অনুরোধ করেন। এছাড়া, চলতি অর্থ-বছরে ইছাখলী খাল এবং বামনসুন্দর খাল দ্রুত পুনঃখনন করার জন্য বেজার তাগিদ রয়েছে। সর্বোপরি মাঠ পর্যায়ে ভৌত কাজের বাস্তবায়ন দ্রুত শুরু করার বিষয়ে বেজা ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের জোর তাগিদের কথা তিনি সভাকে জানান।

২.৪। বাস্তবায়নকারী প্রতিষ্টানের প্রতিনিধি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে এ যাবত তাদের গৃহীত কার্যক্রম এবং বাস্তবায়ন পরিকল্পনার কথা সভাকে জানান। চলতি অর্থ-বছরে ৬.৫০ কিঃমিঃ বাঁধ নির্মাণ ৩টি স্লুইস নির্মাণ এবং কিছু খাল পুনঃখনন লক্ষ্যমাত্রার কথা তিনি সভাকে অবহিত করেন। তবে সাইটে কি পরিমাণ নির্মাণ যন্ত্রাংশ নিয়োজিত করা হবে এবং কোন অঙ্গের পর কোন অঙ্গের বাস্তবায়ন করা হবে এরূপ সামগ্রিকভাবে সময়াবদ্ধ কর্মপরিকল্পনার তথ্য সভায় উপস্থাপন করতে পারেননি। এমতাবস্থায়, প্রকল্পের অঙ্গভিত্তিক বিস্তারিত আলোচনা করা সম্ভবপর হয়নি।

২.৫। সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক জানান যে, পরিবর্তিত অ্যালাইনমেন্ট ও সংশোধিত নকশার কারণে প্রকল্পের ডিপিপি এর অনুমোদনের অতিরিক্ত কাজ বাস্তবায়নের প্রয়োজন পড়বে এবং এতে প্রকল্প ব্যয়ও বৃদ্ধি পাবে। এ প্রেক্ষিতে সভাপতি জানান যে, কারিগরী কমিটির সুপারিশ মোতাবেক প্রয়োজনীয়তার নিরিখে পরবর্তীতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

২.৬। প্রকল্পটি মাননীয় প্রধানমন্ত্রীর Fast Track প্রকল্পের তালিকাভূক্ত এবং নির্ধারিত মেয়াদকালের মধ্যেই প্রকল্প বাস্তবায়ন সমাপ্তির বিষয়ে কোনরূপ আপস করা যাবেনা বলে সভাপতি সকলকে স্মরণ করে দিয়ে তাঁর বক্তব্য আরম্ভ করেন। বাস্তবায়নকারী প্রতিষ্ঠান চলতি অর্থ-বছরে ৬.৫ কিঃমিঃ বাঁধ নির্মাণের লক্ষ্যমাত্রা নির্ধারন করলেও বেজা এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রদত্ত প্রতিশ্রুতি মাফিক নূন্যতম ৮ কিঃমিঃ বাঁধ নির্মাণের লক্ষ্যমাত্রা রেখে কাজ বাস্তবায়ন করার বিষয়ে সভাপতি নির্দেশনা দেন। সাধারণত মার্চ-এপ্রিল মাসে সমুদ্র উত্তাল থাকার কারণে উপকূল এলাকায় কাজ ব্যাহত হয় বলে বিষয়টি বিবেচনায় রেখে কর্ম-পরিকল্পনা নেয়ার জন্য তিনি পরামর্শ দেন। এছাড়াও, নির্মাণ উপকরণে Supply Chain ঠিকঠাকভাবে রক্ষার বিষয়েও তিনি গুরুত্বারোপ করেন। প্রকল্পের কাজে নিয়মিত কারিগরী পরামর্শ প্রদানের জন্য গঠিত কারিগরী কমিটিকেও সভাপতি প্রকল্প বাস্তবায়নে কার্যকর ভূমিকা পালনের জন্য নির্দেশ দেন। সর্বোপরি সভাপতি CPM পদ্ধতিতে Bar chart আকারে প্রকল্পের আওতায় চলতি অর্থ-বছরের কাজের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়নের নির্দেশনা দেন।

৩। **বিস্তারিত আলোচনা শেষে সভাপতি নিম্নরূপ সিদ্ধান্ত দেনঃ**

ক) চলতি অর্থ-বছরেই ৮.০০ কিঃমিঃ বাঁধ নির্মাণ সম্পন্ন করতে হবে।

খ) চলতি অর্থ-বছরেই দ্রুততম সময়ের মধ্যে ইছাখালী খাল এবং বামনসুন্দর খাল পুনঃখনন (ড্রেজার ও এক্সকাভেটর দ্বারা) করতে হবে।

গ) চলতি অর্থ-বছরের লক্ষ্যমাত্রার অনুযায়ী প্রকল্পের অঙ্গভিত্তিক (যেমন- সিসি ব্লক নির্মাণ, ব্লক প্লেসিং, বাঁধ নির্মাণ, খাল পুনঃখনন, স্লুইস নির্মাণ প্রভৃতি) সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন করে আগামী ২ (দুই) কর্মদিবসের মধ্যে প্রকল্প পরিচালক বরাবর দাখিল করতে হবে।

ঘ) কাজের সাইটে পর্যাপ্ত নির্মাণ উপকরণের মজুদ করতঃ Supply Chain রক্ষা করতে হবে।

ঙ) প্রকল্পের কারিগরী কমিটির আহ্বায়কের সাথে বাস্তবায়নকারী প্রতিষ্ঠানকে নিয়মিত যোগাযোগ রক্ষা করতে হবে।

চ) কারিগরী কমিটি কারিগরী পরামর্শ প্রদানের মাধ্যমে প্রকল্প বাস্তবায়নে কার্যকর ভূমিকা পালন করবেন।

ছ) অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিওন) প্রতি সপ্তাহেই প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি মনিটরিং করবেন এবং প্রতি ১৫ দিন অন্তর বাস্তবায়নকারী সংস্থার সাথে সভা করে অগ্রগতির বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।

আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

ডায়েরী নং ৩২৬৩ ◆ তারিখঃ ১৭/০২/১৮
প্রোগ্রামার ১ ◆ জরুরী
সহকারী প্রোগ্রামার ১/২ ◆ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নেটওয়ার্ক প্রকৌশলী ◆ নথিতে পেশ করুন
অফিস সহকারী ◆ নথিতে রাখুন
◆ তাগিদ পত্র দিন
সিস্টেম এনালিষ্ট- ১/২
ক্যাপাসিটি সেল, বাপাউবো, ঢাকা

১৫/০২/২০১৮

(মোঃ মাহফুজুর রহমান)
মহাপরিচালক
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

স্মারক নং ঃ৯০/পিএস/ওঃমঃ-৪১/২০১৫ তারিখ ঃ১৮-০২-২০১৮ খ্রিঃ

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১-২। অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিওন/পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্টগ্রাম।
৪। প্রধান মনিটরিং, বাপাউবো, ঢাকা।
৫। প্রধান প্রকৌশলী, নকশা, বাপাউবো, ঢাকা।
৬। পরিচালক, পার্সোনাল শাখা, কল্যাণ পরিদপ্তর, বাংলাদেশ নৌবাহিনী, বনানী, ঢাকা-১২১৩।
৭-৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম পওর সার্কেল/ নকশা সার্কেল-৪, বাপাউবো, চট্টগ্রাম/ ঢাকা।
৯-১০। পরিচালক, কার্যক্রম/ পরিকল্পনা-১ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
১১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
১৫। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েবসাইটে কার্যবিবরণীটি প্রকাশের অনুরোধ জানানো হলো।
১৬। নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম পওর বিভাগ-২, বাপাউবো, চট্টগ্রাম।

(মোঃ নুরুল আমিন)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক
বাপাউবো, ঢাকা।

শ পানি উন্নয়ন বোর্ডের অধীনে বাংলাদেশ নৌবাহিনী কল্যাণ ফাউন্ডেশন এর ম ডিপিএম পদ্ধতিতে বাস্তবায়নাধীন "চট্টগ্রাম জেলার মিরশ্বরাই উপজেলায় ংলাদেশ অর্থনৈতিক অঞ্চল (বেজা) বন্যা নিয়ন্ত্রণ সড়ক কাম বেড়ী বাঁধ প্রতিরক্ষা ও নিষ্কাশন" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা

তারিখঃ ১২ ফেব্রুয়ারি, ২০১৮
সময়ঃ সকাল ০৯:৩০ ঘটিকা
স্থানঃ মহাপরিচালক, বাপাউবোর সভাকক্ষ।

| ক্রঃ নং | নাম ও পদবী | প্রতিষ্ঠান | মোবাইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১। | মো: মাহফুজুর রহমান<br>মহাপরিচালক | বাপাউবো | ০১৭৪১-৬৮২৭৭২ | [signature] |
| ২। | কে.এম. আনোয়ার হোসেন<br>অতি: মহাপরিচালক (পূর্ব) | বাপাউবো | ০১৭৭৭২৪৮৪৬১ | [signature] |
| ৩। | এ.জে.এম. আব্দুল খালেক<br>প্রধান প্রকৌশলী | বাপাউবো | ০১৭১১৮৫১৫৪৪ | [signature] |
| ৪। | [illegible] | বাপাউবো | ০১৭১২৩৬২১৫৪ | [signature] |
| ৫। | মো: নুরুল আমিন<br>উপপ্রকল্প পরিচালক | বাপাউবো | 01711362159 | [signature] |
| ৬। | | | | |
| ৭। | | | | |
| ৮। | | | | |
| ৯। | | | | |
| ১০। | | | | |
| ১১। | | | | |
| ১২। | | | | |
| ১৩। | | | | |
| ১৪। | | | | |

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অধীনে বাংলাদেশ নৌবাহিনী কল্যাণ ফাউন্ডেশন এর মাধ্যমে ডিপিএম পদ্ধতিতে বাস্তবায়নাধীন "চট্টগ্রাম জেলার মিরশ্বরাই উপজেলায় বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল (বেজা) বন্যা নিয়ন্ত্রণ সড়ক কাম বেড়ী বাঁধ প্রতিরক্ষা ও নিষ্কাশন" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা

তারিখঃ ১২ ফেব্রুয়ারি, ২০১৮
সময়ঃ সকাল ০৯:৩০ ঘটিকা
স্থানঃ মহাপরিচালক, বাপাউবোর সভাকক্ষ।

| ক্রঃ নং | নাম ও পদবী | প্রতিষ্ঠান | মোবাইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১। | [illegible] | [illegible] লিঃ | ০১৭৬২৭৬৮৪৬০০ | [signature] |
| ২। | Fuxzuruan MD. | CHEC | 01755597710 | [signature] |
| ৩। | MAHAMUD HOSSAIN KHAN DGM | CHEC | 01755597717 | [signature] |
| ৪। | Wang Yaachao. Engineer. | CHEC | 01755597714 | [signature] |
| ৫। | K M Julfikar Tareq Executive Engineer | BWDB | 01790229125 | [signature] |
| ৬। | M. A. Azim Sub-divisional Engineer | BWDB | 01864853840 | [signature] |
| ৭। | Md. Abul Kausar SE/ Design-4, BWDB | BWDB | 01712-962502 | [signature] 12/2/18 |
| ৮। | ফজলুর রশিদ পরিচালক, পরিকল্পনা-১ | বাপাউবো | 01711151652 | [signature] 12/2/18 |
| ৯। | মোঃ হাফিজুর রহমান উপ-সহকারী প্রকৌশলী | বাপাউবো | 01715-421748 | [signature] 12/2/18 |
| ১০। | মোহাম্মদ হোসেন সঃ প্রঃ প্রকৌশলী | বাপাউবো | 01712134177 | [signature] 12.02.18 |
| ১১। | | | | |
| ১২। | | | | |
| ১৩। | | | | |
| ১৪। | | | | |